# বাংলাদেশ ব্যাংক
## প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।
**www.bb.org.bd**

ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশন


ডিওএস সার্কুলার লেটার নং-১৬

০৬ আষাঢ় , ১৪২৪ বঙ্গাব্দ
তারিখঃ -------------------------
২০ জুন, ২০১৭ খ্রীষ্টাব্দ

**প্রধান নির্বাহী**
**বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।**

প্রিয় মহোদয়,

**তৈরী পোশাক শিল্পে কর্মরত শ্রমিক/কর্মচারীদের বেতন, বোনাস ও অন্যান্য ভাতাদি পরিশোধের সুবিধার্থে তফসিলি ব্যাংকের সংশ্লিষ্ট শাখাসমূহ আগামী ২৩ ও ২৪ জুন, ২০১৭ তারিখ (শুক্রবার ও শনিবার) খোলা রাখা প্রসঙ্গে**

আসন্ন ঈদ-উল-ফিতরের পূর্বে তৈরী পোশাক শিল্পে কর্মরত শ্রমিক/কর্মচারীদের বেতন, বোনাস ও অন্যান্য ভাতাদি পরিশোধের সুবিধার্থে এবং রপ্তানী বাণিজ্য সচল রাখার স্বার্থে ঢাকা মহানগরী, আশুলিয়া, টঙ্গী, গাজীপুর, সাভার, ভালুকা, নারায়ণগঞ্জ ও চট্টগ্রামে অবস্থিত পোশাক শিল্প এলাকার তফসিলি ব্যাংকের কেবলমাত্র তৈরী পোশাক শিল্প সংশ্লিষ্ট শাখাসমূহ পর্যাপ্ত নিরাপত্তা নিশ্চিতকরণপূর্বক **আগামী ২৩ জুন, ২০১৭ তারিখ শুক্রবার অর্ধদিবস (সকাল ৯.৩০ ঘটিকা থেকে দুপুর ১২.০০ ঘটিকা পর্যন্ত) এবং ২৪ জুন, ২০১৭ তারিখ শনিবার পূর্ণ দিবস (সকাল ৯.৩০ ঘটিকা থেকে বিকাল ০৪.০০ ঘটিকা পর্যন্ত) খোলা** রাখার সিদ্ধান্ত গৃহীত হয়েছে। সে অনুযায়ী এতদ্বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করা হলো। এক্ষেত্রে ১৯ ডিসেম্বর, ২০১৩ তারিখে জারীকৃত ডিওএস সার্কুলার লেটার নং-২৭ এর নির্দেশনা পরিপালন নিশ্চিত করার জন্যও আপনাদের দৃষ্টি আকর্ষণ করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

স্বাক্ষরিত/-
(বিন্দু ভূষণ বসাক)
উপ-মহাব্যবস্থাপক
ফোন ঃ ৯৫৩০৬১৮